তারিখ ... 27 অক্টো 2016 ...
পৃষ্ঠা ২০ কলাম ৫

দৈনিক
ইত্তেফাক

# আবার বিদ্যালয়ে যাবে মিঠাপুকুরে ধর্ষণের শিকার সেই শিক্ষার্থী

## স্কুল কর্তৃপক্ষের ছাড়পত্র প্রত্যাহার

ফলোআপ

■ মিঠাপুকুর (রংপুর) সংবাদদাতা

ধর্ষণ মামলা করায় শহীদ জিয়া ছড়ান বালিকা উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণির একজন শিক্ষার্থীকে দেওয়া ছাড়পত্র অবশেষে প্রত্যাহার করেছে কর্তৃপক্ষ। বুধবার দুপুরে ম্যানেজিং কমিটির সিদ্ধান্তে ওই ছাড়পত্র প্রত্যাহার করা হয়। এসময় উপজেলা নির্বাহী অফিসার মামুন-অর-রশীদ ও সহকারী কমিশনার (ভূমি) পৃষ্ঠা ১৯ কলাম ১

## আবার বিদ্যালয়ে যাবে

২০ পৃষ্ঠার পর

মাছুমা আরেফিন উপস্থিত ছিলেন। এর আগে তারা ওই শিক্ষার্থীর বাড়িতে গিয়ে জেলা প্রশাসক রাহাত আনোয়ারের দেওয়া অনুদানের নগদ ৫ হাজার টাকা মেয়েটির হাতে তুলে দেন। ধর্ষণ মামলা করায় বিদ্যালয় থেকে ছাড়পত্র দেওয়ার ঘটনা নিয়ে গত ২৪ অক্টোবর দৈনিক ইত্তেফাকে প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসন, মিঠাপুকুর উপজেলা প্রশাসন, মানবাধিকার সংস্থা ও এনজিও প্রতিনিধিরা ঘটনাস্থল পরিদর্শন করেন।

ওই শিক্ষার্থীর মা বলেন, একদিকে মেয়ের ধর্ষণের বিচার পাচ্ছিলাম না। অন্যদিকে বিদ্যালয় থেকে বের করে দেওয়ার ফলে আমার মেয়ের শিক্ষাজীবন এখানেই শেষ হয়ে যেত। সকলের সহযোগিতায় মেয়েটি আবার স্কুলে যেতে পারবে- এ আনন্দে কেঁদে ফেলেন তিনি। ধর্ষণের শিকার ওই শিক্ষার্থী বলেন, আমার ইচ্ছা লেখাপড়া করে সমাজসেবা করার। কিন্তু মাঝখানে অনাকাঙ্ক্ষিত ঘটনাগুলো আমার শিক্ষাজীবনে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে চেয়েছিল। বিদ্যালয়ে আবার যেতে পারবো শুনে ভালো লাগছে।

শহীদ জিয়া বালিকা ছড়ান উচ্চ বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির সভাপতি লুৎফর রহমান বলেন, মেয়েটি দীর্ঘদিন ধরে আমাদের বিদ্যালয়ে লেখাপড়া করছে। হঠাৎ অন্যের প্ররোচনায় আমরা সিদ্ধান্ত নিয়েছিলাম তাকে বের করে দেওয়ার। আমরা সেই সিদ্ধান্ত প্রত্যাহার করেছি। প্রধান শিক্ষক আনিছুল হক বলেন, ম্যানেজিং কমিটির সিদ্ধান্তে ছাড়পত্র প্রত্যাহার করা হয়েছে। আমি নিজে মেয়েটিকে বিদ্যালয়ে নিয়ে আসবো। মিঠাপুকুর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) মহিনুল ইসলাম বলেন, ধর্ষণের ঘটনায় আরও একজন আসামিকে গ্রেফতার করা হয়েছে। বাকিদের গ্রেফতারের চেষ্টা চলছে।